গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা শাখা-৩
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ের "খুলনা হতে দর্শনা জংশন সেকশনে ডাবল লাইন রেলপথ নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : ০১.০৩.২০২২ |
| সময় | : সকাল ১১.০০ টায় |
| স্থান | : রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ( ৯ম তলা, কক্ষ নং ৯৩০) |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

**১.০ উপস্থাপনা**

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত ও জুম'এর মাধ্যমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প সম্পর্কে সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। প্রকল্প পরিচালক তার উপস্থাপনায় প্রকল্প অনুমোদন, প্রধান প্রধান কার্যক্রম, প্রকল্পে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে বিলম্ব এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে উপস্থাপন করেন এবং এই সকল বিষয়ে দিক নির্দেশনা চান।

**২.০ আলোচনা**

২.১ **প্রকল্প অনুমোদন ও প্রধান প্রধান কার্যক্রম:** প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি গত ০৮ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ০১ জানুয়ারি ২০১৮ হতে ৩০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়। প্রকল্পের আওতায় (ক) খুলনা হতে দর্শনা জংশন পর্যন্ত আনুষঙ্গিক কাজসহ ১২৬.২৫ কি:মি: ব্রডগেজ মেইন লাইন নির্মাণ এবং ১৪.৪০ কি:মি: ব্রডগেজ লুপলাইন ট্র্যাক নির্মাণ (খ) ১৬ টি স্টেশন বিল্ডিং নির্মাণ (গ) ১৪৭টি ব্রিজ নির্মাণ (গার্ডার ব্রিজ ০৪টি এবং বক্স কালভার্ট ১৪৩টি) (ঘ) ৩৭টি প্ল্যাটফরম নির্মাণ ও পুনর্নির্মাণ (নতুন ২৫টি এবং পুনর্বাসন ১২টি) (ঙ) ২০টি প্ল্যাটফরম শেড নির্মাণ (নতুন ১৭টি এবং পুনর্বাসন ০৩টি) (চ) ১৭টি ফুটওভার ব্রিজ নির্মাণ , (ছ) ১৮টি কম্পিউটার বেইজড সিগন্যালিং সিস্টেম স্থাপন এবং (জ) ১১০ একর ভূমি অধিগ্রহণ করা হবে । উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

২.২ **প্রকল্পের পরামর্শক নিয়োগ:** প্রকল্প পরিচালক আরো উল্লেখ করেন যে, ৮ মে ২০১৮ তারিখে একনেক কর্তৃক প্রকল্প অনুমোদনের পর ১০ মে ২০১৮ তারিখে পরামর্শক নিয়োগের জন্য EOI নোটিশ প্রকাশ করা হয়, যা ২৬ জুলাই ২০১৮ তারিখে উন্মুক্ত করা হয়। মূল্যায়নের পর ০২টি মাত্র প্রতিষ্ঠান Shortlisting এর যোগ্য হওয়ায় ১৯ আগস্ট ২০১৮ তারিখে বাতিলের সুপারিশ করা হয়। ভারতীয় Exim Bank এর সম্মতিতে ২য় বার ১৫ অক্টোবর ২০১৮ তারিখে EOI নোটিশ প্রকাশ করা হয়, যা ১৩ নভেম্বর ২০১৮ তারিখে উন্মুক্ত করা হয়। মূল্যায়নের পর ০৩টি প্রতিষ্ঠানকে Shortlisting করে ভারতীয় Exim Bank এর সম্মতির জন্য ৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে প্রেরণ করা হলে তাতে সম্মতি না দিয়ে পুনরায় EOI নোটিশ জারির অনুরোধ করা হয়। ২৫ মে ২০১৯ তারিখে খসড়া EOI নোটিশ ভারতীয় Exim Bank এর সম্মতির জন্য প্রেরণ করা হয়। বিভিন্ন দফায় আলোচনা ও পত্র যোগাযোগের পর ৩০ জানুয়ারি ২০২০ তারিখে EOI নোটিশের সম্মতি দেয়া হয়। ৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে পুনরায় EOI নোটিশ প্রকাশ করা হয়, যা ৮ মার্চ ২০২০ তারিখে উন্মুক্ত করা হয়। মূল্যায়নের পর ৫টি প্রতিষ্ঠানকে Shortlisting করা হয়েছে, যা Exim Bank কর্তৃক ৩১শে আগস্ট ২০২০ তারিখে সম্মতি প্রদান করা হয়। ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে Shortlisted পরামর্শকগণকে RFP ডকুমেন্ট দাখিলের জন্য বলা হয় এবং যা ১০ ডিসেম্বর ২০২০ তারিখ উন্মুক্ত করা হয়। পিইসি কর্তৃক মূল্যায়ন করে ৩১ মার্চ ২০২১ তারিখে Exim Bank এর অনুমোদনের জন্য প্রেরণ করা হলে ২ জুন ২০২১ তারিখে কিছু পর্যবেক্ষণসহ তা ফেরত প্রদান করে। পর্যবেক্ষণ মোতাবেক পুনরায় ২৭ জুন ২০২১ তারিখে Exim Bank এর অনুমোদনের জন্য প্রেরণ করা হলে ৩ জুলাই ২০২১ তারিখে সম্মতি প্রদান করে। ১৯ জুলাই ২০২১ তারিখে Financial offer উন্মুক্ত করা হয় এবং ১০ নভেম্বর ২০২১ নেগোসিয়েশন সভা অনুষ্ঠিত হয়।